



# বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন

## BANGLADESH NGO FOUNDATION

(আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর অধীন)

স্মারক নং-বিএনএফ/প্রশাঃ/প্রিন্টিং/৩৯/২১/ ৪২২

তারিখঃ ০৮ নভেম্বর ২০২২  
২৩ কার্তিক ১৪২৯


### কোটেশন বিজ্ঞপ্তি

নিম্নোক্ত স্পেসিফিকেশন অনুযায়ী বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন (বাংলায়) বই আকারে প্রকাশ করা হবে। মুদ্রণে অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত ছাপাখানা মালিকদের নিকট হতে নিজ প্রতিষ্ঠানের প্যাডে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর ও সীলসহ কোটেশন আহবান করা যাচ্ছেঃ

কাজের বিবরণ	স্পেসিফিকেশন	পরিমাণ
২০২০-২১ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন	ক) আকারঃ ১১.৫০" X ৮.২৫" (১১.২৫" X ৮.২০") খ) পৃষ্ঠাঃ প্রতিটি বই ৮০ (আশি) পৃষ্ঠা চার রং গ) কাগজঃ ১) কভার পেজঃ আর্ট কার্ড (৩০০ জিএসএম) বাইরের পাশ মেট লেমিনেশন এবং স্পট লেমিনেশন এবং গ্র্যাফুস ডিজাইন ২) ভিতরের পেজঃ ১৫০ জিএসএম ম্যাট পেপার গুসি (কোরিয়ান, হ্যানসল কোম্পানী) ঘ) বাঁধানোঃ গু বাইন্ডিং ঙ) প্রচ্ছদ ও ডিজাইনঃ ছাপাখানা প্রতিষ্ঠানকে ডিজাইন করতে হবে এবং প্রচ্ছদ সরবরাহ করতে হবে	২,০০০ (দুই হাজার) বই

#### শর্তাবলীঃ

- আগামী ১৬ নভেম্বর ২০২২ তারিখ দুপুর ২:০০মি. পূর্বে ফাউন্ডেশনের টেন্ডার বক্সে (বাংলাদেশ ইনস্যুরেন্স একাডেমি ভবন, ৫ম তলা, ৫৩, মহাখালী, ঢাকা-১২১২) কোটেশন দাখিল করতে হবে এবং একই স্থানে দুপুর ২:৩০মি. দরদাতার উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন খোলা হবে;
- কোটেশনের সাথে অবশ্যই নবায়নকৃত হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN Certificate, VAT Registration Number, কোম্পানী প্রোফাইল ও কাজের অভিজ্ঞতা সনদ এবং বার্ষিক প্রতিবেদনের কভার পেজ ও ভিতরের পেজের কাগজ নমুনা হিসেবে দাখিল করতে হবে;
- দাখিলকৃত কোটেশনের মধ্যে যে কোটেশন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হবে সে ছাপাখানা প্রতিষ্ঠান কে নিজ খরচে বার্ষিক প্রতিবেদনের প্রচ্ছদ সরবরাহ করতে হবে। পূর্বে কোন বইয়ে ব্যবহৃত হয়নি এমন প্রচ্ছদ সরবরাহ করতে হবে এবং পরেও নির্বাচিত প্রচ্ছদ কোন বই ছাপাতে ব্যবহার করা যাবে না। ফাউন্ডেশন যে প্রচ্ছদ দ্বারা বার্ষিক প্রতিবেদন ছাপাবে সেই প্রচ্ছদ যদি অন্য কোন বইয়ের প্রচ্ছদের সাথে মিলে যায় তাহলে প্রচ্ছদ সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রচ্ছদ গ্রহণ করা বা না করা কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত থাকবে;
- কার্যাদেশ প্রাপ্তির ০৫ (পাঁচ) দিনের মধ্যে ছাপানো খসড়া কপি অনুমোদনের জন্য কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। খসড়াতে কর্তৃপক্ষ কর্তৃক সংশোধন, সংযোজন বা বিয়োজন করার পর নির্ভুল আকারে বই ছাপাতে হবে। প্রকাশের পর বইয়ে কোন ভুল-ত্রুটি ধরা পড়লে ভুল সংশোধন করে বই পুনঃমুদ্রণ করতে হবে, তবে তার জন্য কোন অতিরিক্ত মূল্য দাবী করা যাবে না;
- বার্ষিক প্রতিবেদন এ ফাউন্ডেশনে সরবরাহের সময় প্রতিবেদনের লেখাটি পিডিএফ ফরম্যাটে সিডিতে সরবরাহ করতে হবে যাতে ওয়েবসাইটে প্রকাশ করা যায়;
- নমুনা অনুযায়ী বার্ষিক প্রতিবেদন সরবরাহ করতে হবে এবং চূড়ান্ত প্রিন্টিং এর পূর্বে অবশ্যই কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। নির্দিষ্ট সময়ে শর্ত মোতাবেক সরবরাহ করতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ কোটেশন বাতিল অথবা বিল থেকে জরিমানা কর্তনের ক্ষমতা সংরক্ষণ করে;
- বিল দাখিল করার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে এবং ভ্যাট ও আয়কর সহ অন্যান্য কর কর্তন সম্পর্কিত সরকারি বিধি বিধান প্রযোজ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা সকল কোটেশন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।



(মোঃ সাঈদুল আলম)

নির্বাহী অফিসার (প্রশাসন)

ফোনঃ ৯৮৮০২৩০/১০৮

ই-মেইলঃ-sayedul.alam@bnf.gov.bd

#### অনুলিপি:

- বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন নোটিশ বোর্ড
- বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের ওয়েব সাইট (<https://mail.bnf.gov.bd>)
- আহবায়ক, বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন দরপত্র উন্মুক্তকরণ কমিটি
- বিভিন্ন ছাপাখানা প্রতিষ্ঠান